



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Answer Work Sheet - 17



**Class: 3**

**Subject: Bengali Gram (বোধপরীক্ষণ )**

**Date: 07/10/2020**

১৯৭৯ সালকে রাষ্ট্রসংঘ আন্তর্জাতিক শিশুবার্ষ হিসাবে চিহ্নিত করেছিল । তাই ১৪ই নভেম্বর প্রতি বছর এই দিনটি শিশু দিবস হিসাবে পালিত হয় । এই দিনটি স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর জন্মদিন । তিনি শিশুদের অত্যন্ত ভালোবাসতেন ,বন্ধুর মত তাদের সঙ্গে মেলামেশা করতেন ---তারাও তাঁকে খুব ভালোবাসত । শিশুরা তাঁকে খুব ভালবাসত । শিশুরা তাঁকে ডাকত 'চাচা নেহেরু' নামে । শিশুকাল থেকেই তাদের প্রতি বিশেষ নজর দেবার উদ্দেশ্যেই নেহেরুর জন্মদিনকে 'শিশুদিবস' হিসেবে পালনের আয়োজন করা হয়েছিল । শিশুদিবসে শিশুরা চাচা নেহেরুর প্রতি শ্রদ্ধা জানায় ,আর বড়োরা আলোচনা করেন, কি করে শিশুদেরর প্রাণবন্ত করে তোলা যায় ,অকাল মৃত্যুর হাত থেকে বাঁচানো যায় এবং তাদের সুস্থ্য সবল করে তোলা যায় ।

প্রশ্ন

১। ভারতে কোন দিনটি শিশুদিবস হিসাবে পালিত হয় ?

উঃ ভারতে ১৪ই নভেম্বর দিনটি শিশুদিবস হিসাবে পালিত হয় ।

২। আন্তর্জাতিক শিশুদিবস হিসাবে কোন সাল চিহ্নিত হয়েছিল ?

উঃ আন্তর্জাতিক শিশুদিবস হিসাবে ১৯৭৯ সাল চিহ্নিত হয়েছিল ।

৩। চাচা নেহেরু কে ?

উঃ ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু হলেন চাচা নেহেরু ।

৪। কেন শিশুরা তাকে চাচা নেহেরু নামে ডাকত ?

উঃ তিনি শিশুদের অত্যন্ত ভালোবাসতেন ,বন্ধুর মত তাদের সঙ্গে মেলামেশা করতেন ---তারাও তাঁকে খুব ভালোবাসত । শিশুরা তাঁকে খুব ভালবাসত । তাই শিশুরা তাঁকে ডাকত 'চাচা নেহেরু' নামে ।

৫। কেন নেহেরুর জন্মদিনকে শিশুদিবস হিসাবে পালন করা হয় ?

উঃ শিশুকাল থেকেই তাদের প্রতি বিশেষ নজর দেবার উদ্দেশ্যেই নেহেরুর জন্মদিনকে 'শিশুদিবস' হিসেবে পালনের আয়োজন করা হয়েছিল ।

৬। শিশু দিবসে শিশুরা কি করে ?

উঃ শিশুদিবসে শিশুরা চাচা নেহেরুর প্রতি শ্রদ্ধা জানায় ।

৭। শিশুদিবসে বড়োরা কি করে ?

উঃ বড়োরা আলোচনা করেন, কি করে শিশুদের প্রাণবন্ত করে তোলা যায় ,অকাল মৃত্যুর হাত থেকে বাঁচানো যায় এবং তাদের সুস্থ্য সবল করে তোলা যায় ।

৮। বাক্যরচনা কর -

ক) শ্রদ্ধা = আমি গুরুজনদের শ্রদ্ধা করি ।

খ) আন্তর্জাতিক = এখন আন্তর্জাতিক বিমান চলাচল বন্ধ রয়েছে ।

গ) মেলামেশা = আমি সবার সঙ্গে মেলামেশা করি ।

৯। বিপরীত শব্দ -

ক) সুস্থ্য = অসুস্থ্য

খ) সবল = দুর্বল

গ) মৃত্যু = জন্ম

ঘ) শ্রদ্ধা = অশ্রদ্ধা

ঙ) স্বাধীন = পরাধীন

Manashi Chaudhuri